# 📖 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৪৪

১৭/ দন্ডবিধি (كتاب الحدود عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ নির্বাসন দন্ড প্রসঙ্গে।

## باب مَا جَاءَ فِي النَّفْىِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، وَيَحْيَى بْنُ أَكْثَمَ، قَالاَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ، عَنْ عُبَيْدِ اللَّهِ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم ضَرَبَ وَغَرَّبَ وَأَنَّ أَبَا بَكْرٍ ضَرَبَ وَغَرَّبَ وَأَنَّ عُمَرَ ضَرَبَ وَغَرَّبَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَزَيْدِ بْنِ خَالِدٍ وَعُبَادَةَ بْنِ الصَّامِتِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ غَرِيبٌ رَوَاهُ غَيْرُ وَاحِدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ إِدْرِيسَ فَرَفَعُوهُ .
وَرَوَى بَعْضُهُمْ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ إِدْرِيسَ، هَذَا الْحَدِيثَ عَنْ عُبَيْدِ اللَّهِ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ أَبَا بَكْرٍ، ضَرَبَ وَغَرَّبَ وَأَنَّ عُمَرَ ضَرَبَ وَغَرَّبَ . حَدَّثَنَا بِذَلِكَ أَبُو سَعِيدٍ الأَشَجُّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ . وَهَكَذَا رُوِيَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ رِوَايَةِ ابْنِ إِدْرِيسَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ نَحْوَ هَذَا . وَهَكَذَا رَوَاهُ مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ أَنَّ أَبَا بَكْرٍ ضَرَبَ وَغَرَّبَ وَأَنَّ عُمَرَ ضَرَبَ وَغَرَّبَ . وَلَمْ يَذْكُرُوا فِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَقَدْ صَحَّ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم النَّفْىُ رَوَاهُ أَبُو هُرَيْرَةَ وَزَيْدُ بْنُ خَالِدٍ وَعُبَادَةُ بْنُ الصَّامِتِ وَغَيْرُهُمْ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَعَلِيٌّ وَأُبَىُّ بْنُ كَعْبٍ وَعَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ وَأَبُو ذَرٍّ وَغَيْرُهُمْ وَكَذَلِكَ رُوِيَ عَنْ غَيْرِ وَاحِدٍ مِنْ فُقَهَاءِ التَّابِعِينَ وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَمَالِكِ بْنِ أَنَسٍ وَعَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

১৪৪৪। আবূ কুরায়ব ও ইয়াহইয়া ইবনু আকছাম (রহঃ) ... ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুররাঘাত ও নির্বাসন দন্ড দিয়েছেন; আবূ বকর রাদিয়াল্লাহু আনহুও দুররাঘাত ও নির্বাসন দন্ড দিয়েছেন; উমার রাদিয়াল্লাহু আনহুও দুররাঘাত ও নির্বাসন দন্ড দিয়েছেন। সহীহ ইরওয়া ২৩৪৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৩৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ হুরায়রা, যায়দ ইবনু খালিদ, উবাদা ইবনু সামিত রাদিয়াল্লাহু আনহুম থেকে হাদীস বর্ণিত আছে। ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি গারীব। একাধিক রাবী এটিকে আবদুল্লাহ ইবনু ইদরীস (রহঃ) সূত্রে মারফু’ রূপে বর্ণনা করেছেন। কেউ কেউ এই হাদীসটিকে আবদুল্লাহ ইবনু ইদরীস-উবায়দুল্লাহ-নাফি’-ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন যে, আবূ বকর রাদিয়াল্লাহু আনহু দুররাঘাত ও নির্বাসন দন্ড দিয়েছেন। উমার রাদিয়াল্লাহু আনহু দুররাঘাত ও নির্বাসন দন্ড দিয়েচেন।

আবূ সাঈদ আশাজ্জ (রহঃ) ... আবদুল্লাহ ইবনু ইদরীস (রহঃ) সূত্রে তা রিওয়ায়াত করেছেন। ইবনু ইদরীস (রহঃ) এর বরাত ছাড়াও উবায়দুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে এই হাদীসটি বর্ণিত আছে মুহাম্মদ ইবনু ইসহাক (রহঃ) ও নাফি’-ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রে এইরূপ বর্ণনা করেছেন যে, আবূ বকর রাদিয়াল্লাহু আনহু দুররাঘাত ও নির্বাসন দন্ড দিয়েছেন, উমার রাদিয়াল্লাহু আনহুও দুররাঘত ও নির্বাসন দন্ড প্রদানকরেছেন। এই সনদে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উল্লেখ নেই। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকেও নির্বাসন দন্ড দানের সহীহ রিওয়ায়াত বিদ্যমান। আবূ হুরায়রা, যায়দ ইবনু খালিদ ও উবাদা ইবনুস সামিত রাদিয়াল্লাহু আনহুম প্রমুখ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে উক্ত মর্মে হাদীস বর্ণনা করেছেন। আবূ বকর, উমার, আলী, উবাই ইবনু কা’ব, আবদুল্লাহ ইবনু মাসঊদ, আবূ যার প্রমুখ সাহাবীগণ রাদিয়াল্লাহু আনহুম-এই হাদীস অনুসারে আমল করেছেন। একাধিক তাবিঈ ফকীহ থেকে তদ্রুপ অভিমত বর্ণিত আছে। এ হল সুফইয়ান ছাওরী, মালিক ইবনু আনাস, আবদুল্লাহ ইবনুল মুবারক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত।

## English

Narrated Ibn 'Umar:
That the Messenger of Allah (ﷺ) lashed and banished, Abu Bakr lashed and banished, and 'Umar lashed and banished.

Some of them reported this Hadith from 'Ubaidullah, from Nafi', from Ibn 'Umar:
that Aby Bakr lashed and banished, and that 'Umar lashed and banished.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21862

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন